DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 11:40 PM

আন্তর্জাতিক

# জিম্বাবুয়েতে ফেরি ডুবে নিহত অন্তত ১৫, নিখোঁজ ২৭

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ১২ আগস্ট ২০২৬, ০৩:৪৯ PM



জিম্বাবুয়ের লেক কারিবায় অতিরিক্ত যাত্রীবোঝাই একটি ফেরি উল্টে অন্তত ১৫ জন নিহত হয়েছেন। এ ঘটনায় এখনো ২৭ জন নিখোঁজ রয়েছেন। দেশটির সিভিল প্রোটেকশন ইউনিট এ তথ্য জানিয়েছে। খবর আলজাজিরার।

মঙ্গলবার (১১ আগস্ট) প্রবল ঢেউয়ের আঘাতে ফেরিটি উল্টে যায়। দুর্ঘটনার পর অন্তত ৭৭ জনকে জীবিত উদ্ধার করা হয়েছে বলে সংস্থাটি জানিয়েছে।

কারিবা শহর থেকে লেকের বিভিন্ন দ্বীপ ও মাছ ধরার ক্যাম্পে যাত্রী পরিবহন করত ফেরিটি। এর ধারণক্ষমতা ছিল ৯০ জন। তবে দুর্ঘটনার সময় ফেরিটিতে ধারণক্ষমতার চেয়ে বেশি মানুষ ছিলেন।

সিভিল প্রোটেকশন ইউনিট জানিয়েছে, টিকিট বিক্রির নিবন্ধিত তথ্য অনুযায়ী ফেরিটিতে ১১৪ জন প্রাপ্তবয়স্ক যাত্রী ও পাঁচজন ক্রু সদস্য ছিলেন। তবে টিকিট কাটার বয়স হয়নি এমন কতজন শিশু ফেরিটিতে ছিল, তা নিশ্চিত হওয়া যায়নি।

জিম্বাবুয়ের জাতীয় পুলিশ জানিয়েছে, দুর্ঘটনার পর উদ্ধার অভিযান চলছে। রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম জেডবিসি প্রকাশিত ভিডিওতে দেখা যায়, হ্রদের উল্টে যাওয়া ফেরিটির দিকে কয়েকটি স্পিডবোট এগিয়ে যাচ্ছে এবং ওপর দিয়ে একটি হেলিকপ্টার উড়ছে। উদ্ধার অভিযানে হ্রদের পানির নিচে অনুসন্ধানকারী একটি দলও মোতায়েন করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী ম্যাক্সটন কানহেমা এএফপিকে বলেন, খারাপ আবহাওয়ার মধ্যেই ফেরিটি যাত্রা শুরু করেছিল। একপর্যায়ে একটি বড় ঢেউ ফেরিটিতে আঘাত করলে এর ইঞ্জিন বন্ধ হয়ে যেতে পারে বলে তিনি ধারণা করেন।

তিনি বলেন, “আমরা যখন পানির মধ্যে ছিলাম, তখন বিপদের সংকেত দেখতে পাই। কাছাকাছি থাকা নৌকাগুলো সঙ্গে সঙ্গে এগিয়ে আসে।”

কানহেমা জানান, উদ্ধার অভিযানে মাতুসাডোনা ন্যাশনাল পার্কের একটি হেলিকপ্টার, স্থানীয় বড় নৌযান, ডুবুরি এবং সেনাবাহিনীর সদস্যরা অংশ নেন।

তিনি বলেন, “মানুষজন বিপদে পড়েছিল। পানিতে লাশ ভাসতে দেখা গেছে। দৃশ্যটি অত্যন্ত দুঃখজনক ছিল। যাদের উদ্ধার করা সম্ভব হয়েছে, তাদের উদ্ধার করা হয়েছে।”

খারাপ আবহাওয়ার কারণে উদ্ধারকারী দল ঘটনাস্থলে পৌঁছাতে কিছুটা দেরি করে বলেও জানান তিনি। তার ভাষ্য, “ফেরিটির কাছে পৌঁছাতে সময় লেগেছে। দুর্ভাগ্যজনকভাবে এর মধ্যে অনেক প্রাণহানি ঘটেছে।”

জিম্বাবুয়ে ও জাম্বিয়ার সীমান্তে অবস্থিত লেক কারিবা রাজধানী হারারে থেকে ৩০০ কিলোমিটারের বেশি উত্তর-পূর্বে। আয়তনের দিক থেকে এটি বিশ্বের অন্যতম বৃহৎ কৃত্রিম হ্রদ। ১৯৫০-এর দশকের শেষভাগ থেকে ১৯৬০-এর দশকের শুরুর দিকে জাম্বেজি নদীর ওপর বাঁধ নির্মাণের মাধ্যমে হ্রদটি তৈরি করা হয়। বর্তমানে হ্রদটি ২০০ কিলোমিটারের বেশি দীর্ঘ এবং কিছু এলাকায় এর প্রস্থ প্রায় ৪০ কিলোমিটার।


---

## এ বিভাগের আরও খবর



**তেহরান শিগগিরই “নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে” যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর**

ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্ম...



### ইন্দোনেশিয়ায় ফের শক্তিশালী ভূমিকম্প

ইন্দোনেশিয়ায় এক দিনের ব্যবধানে ফের শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ভোরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর দেশটির উত্তর সুমাত্রা প্রদ...



### হরমুজকে □মার্কিন ভূখণ্ড□ হিসেবে ঘোষণা করতে চান ট্রাম্প

ইরানকে যুদ্ধে পরাজিত করার পর পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন...



### ভারত সফরে আসছেন ইরানের প্রেসিডেন্ট

আসন্ন ২০২৬ সালের ব্রিকস সম্মেলনে যোগ দিতে ভারত সফর করবেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ইরানি সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে এশিয়ান নি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/jimbabuyete-feri-dube-niht-ontt-15-nikhonj-27